গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(www.moca.gov.bd)**

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খলিল আহমদ |
| | : | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১১ মার্চ ২০২৪ তারিখ সকাল: ১০.৩০টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং ভার্চুয়াল প্লাটফর্ম (ভবন নং-৬ , ১১ তলা, কক্ষ ১০১৭) |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন করা হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (অনুষ্ঠান শাখা) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে দিবস দুটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের বিষয়ে নিম্নবর্ণিত কর্মসূচি সর্বসম্মতিক্রমে প্রণয়ন করা হয়:

## <u>২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে কর্মসূচি:</u>

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ২৫ মার্চ ২০২৪ | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা | বাংলা একাডেমি |
| ২.২ | ২৫ মার্চ ২০২৪ (বাদ জোহর / সুবিধাজনক সময়ে) | ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ২.৩ | ২৫ মার্চ ২০২৪ (দিনের বেলা সুবিধাজনক সময়ে) | গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ২.৪ | ২৫ মার্চ ২০২৪ (১০.০০ থেকে ১০.০১ মিনিট পর্যন্ত) | সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট রাত ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |

## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি:

| ক্রমিক | তারিখ/ সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.৫ | ২৬ মার্চ ২০২৪ | সকল দপ্তর/সংস্থায় জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ২.৬ | ২৬ মার্চ ২০২৪ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহে আলোকসজ্জা (কোন ক্রমেই ২৫ মার্চ ২০২৪ তারিখ আলোকসজ্জা করা যাবে না) করতে হবে। ২৬ মার্চ ২০২৪ তারিখ সন্ধ্যা থেকে আলোক সজ্জা করা যাবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ২.৭ | ২৬ মার্চ ২০২৪ | সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ (সকাল ৯.০০ টায় সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধের প্রধান ফটকে উপস্থিতি) । | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা। |
| ২.৮ | ২৬ মার্চ ২০২৪ (সুবিধাজনক সময়ে) | জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মোনাজাত/প্রার্থনা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ২.৯ | ২৬ মার্চ ২০২৪ | ক) ''জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন'' বিষয়ে আলোচনা সভা।<br>খ) চিত্রাঙ্কন/ রচনা/ আবৃত্তি/ কুইজ প্রতিযোগিতার আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ২.১০ | ২৬ মার্চ ২০২৪ | মন্ত্রণালয়ের আওতাধীন সকল জাদুঘর সকাল থেকে সন্ধ্যা শিশুদের/বিশেষ চাহিদাসম্পন্ন শিশু ও বীর মুক্তিযোদ্ধাগণের জন্য উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা। | বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং সোনারগাঁও লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |
| ২.১১ | ২৬ মার্চ ২০২৪ | বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সকল একাডেমি/ ইন্সটিটিউট/ কেন্দ্র। |
| ২.১২ | ২৬ মার্চ ২০২৪ | আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার অধিদপ্তরের উভয় ভবনে গ্রন্থ, নথিপত্র ও পত্র-পত্রিকার সমন্বয়ে প্রদর্শনী এবং মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী করা হবে। | আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার অধিদপ্তর। |
| ২.১৩ | ২৪ মার্চ ২০২৪ | মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আগামী ২৪ মার্চ ২০২৪ তারিখ ঢাকাস্থ ১৫টি বেসরকারি গ্রন্থাগারের পাঠক-শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে জাতীয় গ্রন্থকেন্দ্র মিলনায়তনে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ক কবিতা আবৃত্তি ও আলোচনা অনুষ্ঠান আয়োজন। | জাতীয় গ্রন্থকেন্দ্র। |

৩.০ সভায় উপস্থিত সদস্যগণের সার্বিক আলোচনা ও পর্যালোচনায় উত্থাপিত মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে ক্রমিক ২.১ থেকে ২.৪ পর্যন্ত এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে ক্রমিক ২.৫ থেকে ২.১৩ পর্যন্ত বর্ণিত কর্মসূচিসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে এবং উপস্থিত ও ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৩/২৪

খলিল আহমদ
সচিব

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৪৭.২০. ২০৮

তারিখ: ০৪ চৈত্র ১৪৩০ / ১৮ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস;
৩. মহাপরিচালক/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক, বাংলা একাডেমি/বাংলাদেশ জাতীয় জাদুঘর/আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর/প্রত্নতত্ত্ব অধিদপ্তর/গণগ্রন্থাগার অধিদপ্তর/বাংলাদেশ শিল্পকলা একাডেমি/কবি নজরুল ইনস্টিটিউট/বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, ঢাকা;
৪. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা;
৬. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
৭. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
৮. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
৯. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১০. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১১. উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১২. উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;
১৩. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার।

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থে:

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি।

১৮/৩/2024

(আইরীন ফারজানা)
উপসচিব
ফোন: ৫৫১০০৬৬৮
ই-মেইল: event.section@moca.gov.bd

e:\admin file (29-09-2019)\meeting.docx 415